



রেজিস্ট্রার দপ্তর  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১১০০, বাংলাদেশ  
ফোন : ৯৫৩৪২৫৫  
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯



জবি/প্রশা-৩২/২০০৭/ ৫৫২

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ


ডীন/পরিচালক/চেয়ারম্যান  
সকলা অনুমদ/ইনস্টিটিউট/বিভাগ  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

বিষয়: "১৯তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী ২০২২" পরিদর্শনের আমন্ত্রণ।  
সূত্র: ৪৩.২০.০০০০.০১৫.৩৯.০০১.২২ তারিখ: ০৩ ডিসেম্বর ২০২২ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমি হতে প্রেরিত পত্রটি (সংযুক্ত) সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

  
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার


সংযুক্তি: অপর পৃষ্ঠায়।

জবি/প্রশা-৩২/২০০৭/ ৫৫২

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, আইসিটি সেল, জবি (ওয়েব সাইটে দেওয়ার অনুরোধসহ);
- ২। উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

  
মোহাম্মদ মশিরুল ইসলাম  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।



স্মারক: ৪৩.২০.০০০০.০১৫.৩৯.০০১.২২/৫৮৭(৩-৭)

বিষয়: '১৯ তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী ২০২২' পরিদর্শনের আমন্ত্রণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে আগামী ৮ ডিসেম্বর ২০২২ থেকে ১১৪টি দেশের অংশগ্রহণে মাসব্যাপী '১৯তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী ২০২২' অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী ৮ ডিসেম্বর ২০২২ সকাল ১০টায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

আনন্দের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশসহ বিশ্বের ১১৪টি দেশের ৪৯৩জন শিল্পী এবারের শিল্পযজ্ঞে অংশগ্রহণ করছেন। "দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ", বিগত ৪ দশক ধরে বিরতিহীনভাবে আয়োজনকৃত এশিয়া মহাদেশের প্রাচীনতম মর্যাদাপূর্ণ একটি আন্তর্জাতিক চারুকলা উৎসব।

"দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ" এ দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক শিল্পকর্মসমূহ যেমন—চিত্রকলা, ছাপচিত্র, আলোকচিত্র, ভাস্কর্য, স্থাপনাশিল্প ও নতুন মাধ্যমের শিল্পকর্ম প্রদর্শিত হয়ে থাকে। দেশি-বিদেশি চারুশিল্পীগণ এই সকল শিল্পকর্মের মাধ্যমে তাঁদের সমকালীন চিন্তা-ভাবনাকে দর্শকদের সামনে তুলে ধরেন। এছাড়াও প্রদর্শনী চলাকালীন সময়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রাঙ্গণেজুড়ে শিশু শিল্পী, বাউল শিল্পী, বিশেষ চাহিদা সম্পন্ন শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হবে। প্রদর্শনী চলবে আগামী ৮ ডিসেম্বর ২০২২ থেকে ৭ জানুয়ারি ২০২৩ প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত।

অতএব, আপনার বিশ্ববিদ্যালয়ের অধিনস্ত সকল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বিভাগ সমূহের শিক্ষার্থীদেরকে মাসব্যাপী অনুষ্ঠিত উক্ত শিল্পকর্ম প্রদর্শনী পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

মাননীয় উপাচার্য

সেগুনবাগিচা বিশ্ববিদ্যালয়  
ঢাকা

(লিয়াকত আলী লালী)  
মহাপরিচালক

বাংলাদেশ শিল্পকলা একাডেমি  
ফোন: ০২২২৩৩৮২৮৩৬

বিতরণ ও অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. উপসচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
৩. উপপরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
৪. কালচারাল অফিসার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, রমনা, ঢাকা।
৫. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
৬. পিএ টু সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ শিল্পকলা একাডেমি। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. অফিস কপি